

একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত রীতির মিশ্রণ দুষণীয়

## ক -বিভাগ

বহুনির্বাচনি প্রশ্ন:

১০ x ১ = ১০

১. ঘুম থেকে উঠেই মিনু কাকে দেখতে পায়?
  - ক) শুকতারা
  - খ) প্রবতারা
  - গ) স্বাতি তারা
  - ঘ) সন্ধ্যাতারা
২. সৈয়দ মুজতবা আলী কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?
  - ক) ১৯৮৪ খ্রি:
  - খ) ১৯৮২ খ্রি:
  - গ) ১৯৭৪ খ্রি:
  - ঘ) ১৯৮৮ খ্রি:
৩. 'ভুবনবিখ্যাত' বলতে বোঝায়-
  - ক) পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠ
  - খ) মিশরের মধ্যে শ্রেষ্ঠ
  - গ) কায়রোর মধ্যে শ্রেষ্ঠ
  - ঘ) মধ্যপ্রাচ্যের মধ্যে শ্রেষ্ঠ
৪. শওকত ওসমান ছিলেন-
  - ক) বাংলা ভাষা ও সাহিত্যের অধ্যাপক
  - খ) বিশিষ্ট আইন ব্যবসায়ী
  - গ) ইতিহাসের অধ্যাপক
  - ঘ) ইংরেজি সাহিত্যের অধ্যাপক
৫. কায়রো শহরের ঐতিহাসিকতার কারণ -
  - ক) চারদিকে নদী
  - খ) মরুভূমি
  - গ) পিরামিড
  - ঘ) নিখোদের বাসস্থান
৬. জন্মভূমির ছায়ায় কবির অঙ্গ জুড়ায় বলতে কী বোঝানো হয়েছে?
  - ক) জন্মভূমির ছায়ায় সুখ ও শান্তি লাভ
  - খ) জন্মভূমির সৌন্দর্যে মুগ্ধ হওয়া
  - গ) জন্মভূমির দ্বারা উপকৃত হওয়া
  - ঘ) জন্মভূমির ধনরতন লাভ করা
৭. "ঐ আলোতে নয়ন রেখে মুদব নয়ন শেষে"-আলোচ্য চরণে প্রকাশিত হয়েছে কবির কোন ইচ্ছা?
  - ক) অস্তিম ইচ্ছা
  - খ) ভালোবাসার ইচ্ছা
  - গ) প্রেমময় ইচ্ছা
  - ঘ) আবেগী ইচ্ছা
৮. কামিনী রায় একসময়ে যে নামে কবিতা লিখতেন-
  - ক) বিরঙ্গনা
  - খ) জনৈক বঙ্গমহিলা
  - গ) জননী সাহসীকা
  - ঘ) বঙ্গমাতা
৯. ঝিঙে ফুল কবিতার মূল বিষয়বস্তু কী?
  - ক) জিঙে ফুলের বেদনা
  - খ) জিঙে ফুলের প্রকৃতি প্রেম
  - গ) কবির গভীর প্রকৃতি প্রেম
  - ঘ) ঝিঙে ফুলের প্রতি ভালোবাসা
১০. এদেশ ও দেশ হতে লোকজন ছুটে এল কেন?
  - ক) ঝগড়া করেছে বলে
  - খ) চাষির বউকে দেখতে
  - গ) জাদুর তেলেছমাতি দেখতে
  - ঘ) চাষির বাবাকে দেখতে

## খ -বিভাগ

### জ্ঞানমূলক প্রশ্ন:

১০ x ১ = ১০

১. বাবলুর স্কুলের দপ্তরির নাম কী ছিলো?
২. দোকানের মালিক কত দিন পর ফিরে এসেছিলেন?
৩. 'পাকিস্তান অবজারভার' পত্রিকা বন্ধ করে দেয়া হয় কবে?
৪. 'পঞ্চতন্ত্র' কার রচিত গ্রন্থ?
৫. বনফুল কত সালে জন্মগ্রহণ করেন?
৬. ফেরেশতা কাকে ছাগল উপহার দিলেন?
৭. হলদে পাখি দেখে মিনুর মনে পুলক জাগার কারণ কী?
৮. সশ্রীট আকবরের দরবারের হাস্যরসিকের নাম কী ছিলো?
৯. 'ঋণ পরিশোধ' গল্পের রচয়িতা কে?
১০. 'নন্দিত নরকে' কোন ধরনের রচনা?

## গ -বিভাগ

### সৃজনশীল প্রশ্ন ৩টি

৩০

১. শাওন ৬ষ্ঠ শ্রেণিতে পড়ে। সে তার মামার কাছে ১৯৭১ সালের নানা ঘটনার কথা শুনেছে। তার মধ্যে একটি হলো ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় ঢাকা থেকে বহু মানুষ জীবন বাঁচাতে তান মামার গ্রাম দিয়ে বিভিন্ন অঞ্চলে যাচ্ছিল। শাওনের মামাদের গ্রাম থেকে এসব মানুষদের জন্য সাহায্য করা হতো। গ্রামের সকলে খাবার, পানি, অসুস্থদের সেবা করে সাহায্য করেছিলো। শাওনের মামার ও গ্রামের সকলের জন্য গর্ব হয় শাওনের। আনন্দে চোখ-অশ্রুতে ভরে যায়।
  - ক) শওকত ওসমানের প্রকৃত নাম কী? ১
  - খ) সাবুর বৃকে আশ্চর্য তোলপাড় শুরু হয় কেন? ২
  - গ) 'তোলপাড় গল্পের সাবু ও উদ্দীপকের শাওনের মধ্যে বৈসাদৃশ্য আছে কী? ব্যাখ্যা কর। ৩
  - ঘ) উদ্দীপক ও 'তোলপাড়' গল্পের প্রেক্ষাপট আলাদা হলেও মূল বিষয়বস্তু এক- তোমার মতে যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ৪
২. রহিম, করিম ও জামাল তিন ভাই। জামাল ছিল সৎ এবং নীতিবান। অন্যদিকে তার ভাই রহিম ও করিম ছিল অসৎ, লোভী। তারা কাউকে উপকার করত না। কেউ উপকার করলেও তা স্বীকার করত না। সবাই তাদের ঘৃণা করত। সৎ জামালকে সবাই বিশ্বাস করত এবং ভালোবাসত।
  - ক) 'সততার পুরস্কার' গল্পের লেখক কে? ১
  - খ) স্বর্গীয় ব্যক্তিটি অন্ধ লোকটিকে কেন পুরস্কৃত করল? ২
  - গ) উদ্দীপকের জামাল এ সাথে 'সততার পুরস্কার' গল্পের অন্ধ লোকটির সাদৃশ্য দেখাও। ৩
  - ঘ) সৎ ব্যক্তিকে সবাই ভালোবাসে এবং বিশ্বাস করে'-এই উক্তিটির যথার্থতা মূল্যায়ণ কর 'সততার পুরস্কার' গল্পের আলোকে। ৪

3. বার্ষিক পরীক্ষায় সাবু তিন বিষয়ে ফেল করে। স্কুল থেকে বাড়ি ফিরে গেলে তার মা তাকে খুব বকা বকা করে। মায়ের উপর রাগ করে কাউকে কিছু না বলে সে কমলাপুর থেকে ট্রেনে চড়ে চট্টগ্রাম চলে যায়। সেখানে একটি হোটেলে বয়-এর কাজ নেয় পেটভাতায়। কয়েকদিন অমানুষিক পরিশ্রমের পর সাবু বুঝতে পারে এর চেয়ে মন দিয়ে পড়াশুনা করা অনেক ভালো ও সহজ কাজ। তারপর সে বাড়ি ফিরে আসে। বাড়ি ফিরে এলে মা পরম যত্নে ছেলেকে বুকে টেনে নেন।

- ক) ধীরেন স্যার বাবলুকে বেঞ্চের উপর কতক্ষণ দাঁড়াতে বলেছিলেন? ১
- খ) বাবলু বাড়ি না গিয়ে স্কুলের বারান্দায় মুখ কালো করে বসে রইল কেন? ২
- গ) উদ্দীপকে সাবুর হোটেল বয় হওয়া 'জাদুকর' গল্পের বাবলুর কোন পরিকল্পনার সাথে সাদৃশ্যপূর্ণ? বর্ণনা কর। ৩
- ঘ) 'বাবলু উক্ত পরিকল্পনা করলেও সে উদ্দীপকের সাবু নয়'- বক্তব্যটি মূল্যায়ন কর। ৪